

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৩/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ নাসির উদ্দিন মাসুদ
ক্রাইম রিপোর্টার, অপরাধ বিচিত্রা
মডার্ন ম্যানশন, ৫৩ মতিঝিল বা/এ
ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (জোন-৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ৭২/কে/২, উত্তর যাত্রাবাড়ী, থানাঃ যাত্রাবাড়ী, ঢাকা ঠিকানায় মোসাম্মত শামছুন্নাহার ৪ কাঠা জমিতে রাজউক এর অনুমোদন ছাড়া বহুতল ভবন নির্মাণ করছেন বলে এলাকাবাসির অভিযোগ। কোন প্রকার আর সিসি ভিত্তি ছাড়াই ভবনটি নির্মাণ চলছে বলে জানা গেছে। উক্ত ভবনে রাজউক হতে কত তারিখে ও কী কী শর্তে অনুমোদন দিয়েছে এবং রাজউক এর অনুমোদন অনুযায়ী পাঁচ তলা ভবনটি নির্মিত হচ্ছে কি না তা জানানোর আবেদন জানাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে ২৮-০৩-২০১৬ তারিখে জি এম জয়নাল আবেদীন ভূইয়া, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ১৯-০৭-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৫। অদ্য ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। তবে অভিযোগকারী তার প্রার্থিত তথ্য পেয়ে তথ্য কমিশন বরাবর অভিযোগ প্রত্যাহারের আবেদন করেছেন।

পর্যালোচনা

দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেছেন। অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগটি প্রত্যাহারের আবেদন করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার